

## জেএসসি জেডিসিতে অংশ নেবে সাড়ে ২৬ লাখ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

৩০ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩০ অক্টোবর ২০১৯ ০০:৫০



আমাদের সময়

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় এ বছর অংশ নেবে ২৬ লাখ ৬১ হাজার ৬৮২ জন শিক্ষার্থী। আগামী ২ নভেম্বর পরীক্ষা শুরু হয়ে শেষ হবে ১১ নভেম্বর। ২০২০ সাল থেকে এই পরীক্ষার ফল সর্বোচ্চ সূচক জিপিএ-৫ এর পরিবর্তে জিপিএ-৪ গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে। গতকাল সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী দীপু মনি। advertisement

এই পরীক্ষার আয়োজন নিয়ে তথ্যউপাত্ত তুলে ধরে মন্ত্রী বলেন, এবার

জেএসসি পরীক্ষার্থী ২২ লাখ ৬০ হাজার ৭১৬ জন এবং জেডিসি পরীক্ষায় ৪ লাখ ৯৬৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে ছাত্র ১২ লাখ ২১ হাজার ৬৯৫ জন এবং ছাত্রী ১৪ লাখ ৩৯ হাজার ৯৮৭ জন। সারাদেশে মোট ২ হাজার ৯৮২টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রশ্নপত্র ফাঁস রোধে বিভিন্ন ধরনের পদক্ষেপের কথা জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষা উপলক্ষে ২৫ অক্টোবর থেকে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত দেশে সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তিনি প্রশ্নপত্র ফাঁসের গুজবের ফাঁদে না পড়তে অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. সোহরাব হোসাইন এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।